

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



“হে আমার রব!
আমার জ্ঞান
বৃদ্ধি করে দিন!”

— সূরা ত্ব-হা: ১১৪



কুরআন ও
ইসলামিক শিক্ষা



আধুনিক ও
মানসম্মত শিক্ষা



নৈতিকতা ও
চরিত্র গঠন



ইংরেজিতে
দক্ষতা

মুরাত নেরিমান

ইসলামিক এন্ড সায়েন্স একাডেমি

MURAT NERIMAN ISLAMIC & SCIENCE ACADEMY

FAITH • KNOWLEDGE • MORALITY

ইমান • জ্ঞান • নৈতিকতা

২০২৭ শিক্ষাবর্ষে
ভর্তি চলছে

Play | Nursery | Class 1 | Class 2 | Class 3

আধুনিক ও মানসম্মত শিক্ষার সুযোগ



muratnerimanacademy.com



01767167847
01348196878



বড়খাতা (বড়খাতা কলেজ সংলগ্ন)
হাতীবান্ধা, লালমনিরহাট



VISIT OUR WEBSITE

Play
Learn
Grow
Together

MURAT NERIMAN

ISLAMIC & SCIENCE ACADEMY

FAITH • KNOWLEDGE • MORALITY

শিক্ষা
শুধু আজকের জন্য নয়
একটি সুন্দর আগামী
জন্য



আমাদের পরিচিতি

মুরাত নেরিমান ইসলামিক এন্ড সায়েন্স একাডেমি একটি মূল্যবোধভিত্তিক আধুনিক শিক্ষা প্রতিষ্ঠান, যেখানে সাধারণ শিক্ষার পাশাপাশি ইসলামিক শিক্ষা, ইংরেজিতে যোগাযোগের দক্ষতা, নৈতিকতা ও চরিত্র গঠনের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে।

আমরা বিশ্বাস করি, একটি শিশুর শিক্ষা শুধু পাঠ্যবই, পরীক্ষা কিংবা ভালো ফলাফলের মধ্যে সীমাবদ্ধ নয়। শৈশব থেকেই তার মধ্যে আল্লাহর প্রতি ভালোবাসা, জ্ঞানলাভের আগ্রহ, সুন্দর আচরণ, শৃঙ্খলা, দায়িত্ববোধ, সহমর্মিতা ও আত্মবিশ্বাস গড়ে তোলাও শিক্ষার গুরুত্বপূর্ণ অংশ।

এই ভাবনা থেকেই **ঈমান, জ্ঞান ও নৈতিকতা**—এই তিনটি মূল ভিত্তির উপর একাডেমির শিক্ষাদর্শন গড়ে তোলা হয়েছে। শিশু যেন আনন্দের সঙ্গে শেখে, প্রশ্ন করতে শেখে, বুঝে জ্ঞান অর্জন করে এবং আত্মবিশ্বাসের সঙ্গে নিজেকে প্রকাশ করতে পারে—সেই লক্ষ্যেই আমাদের শিক্ষা কার্যক্রম পরিচালিত হবে।



সমন্বিত শিক্ষা

আধুনিক ও মূল্যবোধী সাধারণ শিক্ষার সাথে কুরআন, ইসলামিক শিক্ষা ও নৈতিক শিক্ষার সমন্বয়ে একটি পূর্ণাঙ্গ প্রাথমিক শিক্ষার পরিবেশ।



শিশুর সামগ্রিক বিকাশ

শুধু পাঠ্যবই নয়—চিন্তা করার ক্ষমতা, প্রশ্ন করার মানসিকতা, সৃজনশীলতা, নেতৃত্ব, আত্মবিশ্বাস, সহমর্মিতা ও সুন্দর আচরণের বিকাশ।



ইংরেজিতে যোগাযোগের দক্ষতা

বয়স ও শ্রেণি অনুযায়ী Listening, Speaking, Reading, Writing-এর নিয়মিত চর্চার মাধ্যমে বাস্তব যোগাযোগে ইংরেজি ব্যবহারের আত্মবিশ্বাস তৈরি করা হবে।



গ্রামীণ পরিবেশে আধুনিক শিক্ষার সুযোগ

“মানসম্মত ও আধুনিক শিক্ষার সুযোগ শুধু শহরকেন্দ্রিক হওয়া উচিত নয়।”

নিজ এলাকার শিশুরাও যেন পরিচিত গ্রামীণ পরিবেশ থেকেই মানসম্মত শিক্ষার সুযোগ পায়—এই ভাবনা আমাদের এই উদ্যোগের অন্যতম ভিত্তি। ইসলামিক মূল্যবোধ, সাধারণ শিক্ষা, ইংরেজিতে যোগাযোগের দক্ষতা, প্রযুক্তিনির্ভর শিক্ষা এবং সহশিক্ষা কার্যক্রমের সমন্বয়ে শিশুদের জন্য একটি শক্তিশালী প্রাথমিক শিক্ষার ভিত্তি তৈরি করতে চাই।

আমরা চাই, একটি শিশুকে মানসম্মত শিক্ষার প্রাথমিক ভিত্তি দেওয়ার জন্য তার পরিবারকে যেন দূরের শহরমুখী হওয়ার প্রয়োজন অনুভব করতে না হয়। নিজ এলাকার পরিচিত পরিবেশেই আধুনিক ও মূল্যবোধভিত্তিক শিক্ষার সুযোগ তৈরি করা আমাদের অন্যতম প্রয়াস।



প্রকৃতির মাঝে আনন্দময় শিক্ষাঙ্গন

শিশুর সুন্দর বিকাশের জন্য শুধু শ্রেণিকক্ষ নয়, তার চারপাশের পরিবেশও গুরুত্বপূর্ণ। সবুজ প্রকৃতি ও খোলামেলা গ্রামীণ পরিবেশে গড়ে উঠছে আমাদের একাডেমি। কোলাহলমুক্ত, মনোরম ও প্রাকৃতিক পরিবেশে শিশুরা যেন স্বাচ্ছন্দ্যে শিখতে, খেলতে এবং বেড়ে উঠতে পারে—সেই ভাবনাকে গুরুত্ব দিয়ে ক্যাম্পাস পরিকল্পনা করা হয়েছে।



Play
Learn
Grow
Together

A Brighter
Generation



MURAT NERIMAN

ISLAMIC & SCIENCE ACADEMY

FAITH • KNOWLEDGE • MORALITY

ভালো মানুষ
গড়ার শিক্ষাই
আমাদের লক্ষ্য



আমাদের লক্ষ্য

এমন একটি শিক্ষা পরিবেশ গড়ে তোলা, যেখানে প্রতিটি শিশু
ঈমান, জ্ঞান, নৈতিকতা ও ব্যক্তিত্বের সমন্বিত বিকাশের সুযোগ পাবে।

আমরা চাই, আমাদের শিক্ষার্থীরা আল্লাহর প্রতি ভালোবাসা ও ইসলামিক মূল্যবোধ ধারণ
করে বড় হোক, সাধারণ শিক্ষায় একটি শক্ত ভিত্তি অর্জন করুক এবং কৌতূহল,
সৃজনশীলতা ও আত্মবিশ্বাসের সঙ্গে নতুন কিছু শিখতে আগ্রহী হোক।

একই সঙ্গে তারা যেন সুন্দর আচরণ, সততা, শৃঙ্খলা, দায়িত্ববোধ, সহমর্মিতা ও অন্যের
প্রতি সম্মান প্রদর্শনের অভ্যাস গড়ে তোলে এবং ভবিষ্যতে পরিবার, সমাজ ও দেশের জন্য
একজন জ্ঞানী, নৈতিক ও দায়িত্বশীল মানুষ হিসেবে নিজেকে তৈরি করতে পারে।



আমাদের উদ্দেশ্য



ঈমান ও ইসলামিক জীবনবোধ
শিশুদের মধ্যে আল্লাহর প্রতি
ভালোবাসা, ইসলামিক আদব-
আখলাক ও সুন্দর
জীবনাচরণের ভিত্তি তৈরি করা।



সাধারণ শিক্ষার শক্ত ভিত্তি
বাংলা, গণিত, বিজ্ঞানসহ
সাধারণ শিক্ষার মৌলিক
বিষয়গুলো বুঝে শেখার
অভ্যাস তৈরি করা।



ইংরেজিতে যোগাযোগের দক্ষতা
বয়স অনুযায়ী Listening,
Speaking, Reading, Writing-
এর নিয়মিত চর্চার মাধ্যমে
ইংরেজি ব্যবহারে আত্মবিশ্বাস
তৈরি করা।



নৈতিক ও মানবিক গুণাবলি
সততা, শৃঙ্খলা, দায়িত্ববোধ,
সহমর্মিতা, পরিশ্রম ও
অন্যের প্রতি সম্মানবোধ
গড়ে তোলা।



কৌতূহল, সৃজনশীলতা
ও আত্মবিশ্বাস

প্রশ্ন করা, নিজে ভাবনা প্রকাশ
করা, উপস্থাপন, দলীয় কাজ ও
সৃজনশীল কার্যক্রমের মাধ্যমে
শিশুর আত্মবিশ্বাস বিকশিত করা।



বিদ্যালয় ও পরিবারের
অংশীদারত্ব

শিক্ষক ও অভিভাবকের নিয়মিত
যোগাযোগের মাধ্যমে শিশুর
শিক্ষা, আচরণ ও সামগ্রিক
বিকাশে একসঙ্গে কাজ করা।



আমাদের শিক্ষাদর্শন

“ প্রতিটি শিশুর মধ্যেই আল্লাহ প্রদত্ত অসীম সম্ভাবনা রয়েছে।
সঠিক শিক্ষা, সুন্দর পরিবেশ এবং উত্তম মূল্যবোধ
সেই সম্ভাবনাকে বিকশিত করতে সাহায্য করে। ”

আমাদের কাছে শিক্ষা শুধু একটি শিশুকে পড়তে, লিখতে কিংবা পরীক্ষায় ভালো করতে
শেখানো নয়। শিক্ষা মানে তার মধ্যে বিশ্বাস, জ্ঞানলাভের আগ্রহ, চিন্তা ও প্রশ্ন করার অভ্যাস,
সুন্দর চরিত্র, আত্মবিশ্বাস এবং মানুষের প্রতি দায়িত্ববোধ গড়ে তোলা।

তাই শিশুকে মুখস্থনির্ভর শিক্ষার মধ্যে সীমাবদ্ধ না রেখে বুঝে শেখা, প্রশ্ন করা, অনুসন্ধান
করা এবং আনন্দের সঙ্গে শেখার সুযোগ তৈরি আমাদের শিক্ষা কার্যক্রমের গুরুত্বপূর্ণ
অংশ।



Learn
Explore
Create
a Better
Tomorrow

Good
Students
Brighter
Society

Better
Learning
Happier
Children

MURAT NERIMAN

ISLAMIC & SCIENCE ACADEMY

FAITH • KNOWLEDGE • MORALITY

জ্ঞান ও
নৈতিকতায়
গড়ি সুন্দর
আগামী



আমাদের শিক্ষা কার্যক্রম

মুরাত নেরিমান ইসলামিক এন্ড সায়েন্স একাডেমিতে শিক্ষা কার্যক্রম এমনভাবে সাজানো হবে, যাতে শিশুর সাধারণ শিক্ষার শক্ত ভিত্তি তৈরির পাশাপাশি ইসলামিক মূল্যবোধ, ইংরেজিতে যোগাযোগের দক্ষতা, সৃজনশীলতা এবং সুন্দর আচরণের সমন্বিত বিকাশ ঘটে। শুধু পাঠ্যবই শেষ করা নয় — বুঝে শেখা, প্রশ্ন করা, অনুশীলন করা এবং শেখা বিষয়কে বাস্তব জীবনের সঙ্গে সম্পর্কিত করতে পারা আমাদের শিক্ষা কার্যক্রমের গুরুত্বপূর্ণ অংশ।



শিক্ষার প্রধান ক্ষেত্র



সাধারণ শিক্ষা

জাতীয় শিক্ষাক্রমের আলোকে বাংলা, গণিত, বিজ্ঞান ও অন্যান্য মৌলিক বিষয়ে শিশুর বয়স ও শ্রেণি অনুযায়ী শক্ত ভিত্তি তৈরি করা হবে। মুখস্থনির্ভরতার পরিবর্তে বিষয় বুঝে শেখা, চিন্তা করা এবং সমস্যা সমাধানের দক্ষতা গড়ে তোলায় গুরুত্ব দেওয়া হবে।



কুরআন ও ইসলামিক শিক্ষা

কুরআন শিক্ষা, প্রয়োজনীয় দোয়া, ইসলামিক আদব-আখলাক এবং দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় ইসলামিক জ্ঞান বয়সোপযোগীভাবে শেখানো হবে। শিশুর মধ্যে আল্লাহর প্রতি ভালোবাসা ও সুন্দর ইসলামিক জীবনবোধ গড়ে তোলাই এর মূল উদ্দেশ্য।



ইংরেজিতে দক্ষতা

ইংরেজিকে শুধু একটি পরীক্ষার বিষয় হিসেবে নয়, যোগাযোগের ভাষা হিসেবে শেখানোর উপর গুরুত্ব থাকবে। নিয়মিত Listening, Speaking, Reading, Writing চর্চার মাধ্যমে শিশুর ইংরেজি বোঝা, কথা বলা, পড়া ও লেখার আত্মবিশ্বাস ধীরে ধীরে গড়ে তোলা হবে।



নৈতিকতা ও চরিত্র গঠন

সততা, শৃঙ্খলা, দায়িত্ববোধ, পরিচ্ছন্নতা, সহমর্মিতা, বড়দের সম্মান এবং অন্যের প্রতি সুন্দর আচরণ—এসব শিশুর দৈনন্দিন অভ্যাসের অংশ করে তোলার চেষ্টা করা হবে।



আনন্দময় ও শিশুকেন্দ্রিক শেখার পদ্ধতি

শিশুর বয়স, আগ্রহ ও শেখার সক্ষমতাকে গুরুত্ব দিয়ে শ্রেণিকক্ষকে প্রাণবন্ত ও অংশগ্রহণমূলক রাখা হবে। গল্প, ছবি ও সৃজনশীল উপকরণ, দলীয় কাজ, প্রশ্নোত্তর, হাতে-কলমে অনুশীলন, উপস্থাপন এবং সৃজনশীল কার্যক্রমের মাধ্যমে শিশুকে শেখার সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত করা হবে। প্রয়োজন অনুযায়ী মাল্টিমিডিয়া ও শিক্ষামূলক ভিডিও ব্যবহার করে কঠিন বা নতুন বিষয়গুলোকে আরও সহজ, আকর্ষণীয় ও বোধগম্য করে উপস্থাপন করা হবে।



পাঠ্যবইয়ের বাইরেও শেখা

শিশুর প্রতিভা, আত্মবিশ্বাস ও সামাজিক দক্ষতা বিকাশে পড়াশোনার পাশাপাশি বয়সোপযোগী বিভিন্ন কার্যক্রম থাকবে।

কুরআন তিলাওয়াত • ইসলামিক গল্প • ইংরেজিতে কথা বলার অনুশীলন গল্প বলা • চিত্রাঙ্কন ও সৃজনশীল কাজ • উপস্থাপন • দলীয় কার্যক্রম • খেলাধুলা ও প্রতিযোগিতা

এসব কার্যক্রমের মাধ্যমে শিশুর মধ্যে আত্মবিশ্বাস, নেতৃত্ব, সৃজনশীলতা, সহযোগিতার মানসিকতা এবং নিজের ভালো দক্ষতাকে প্রকাশ করার সক্ষমতা গড়ে তোলার সুযোগ তৈরি হবে।



ভবিষ্যৎ পরিকল্পনা — হিফজুল কুরআন কার্যক্রম

একাডেমির দীর্ঘমেয়াদি শিক্ষা পরিকল্পনার অংশ হিসেবে আগামী ৪-৫ বছরের মধ্যে হিফজুল কুরআন কার্যক্রম চালুর পরিকল্পনা রয়েছে।

আমাদের লক্ষ্য থাকবে এমন একটি ব্যবস্থা গড়ে তোলা, যেখানে একজন শিক্ষার্থী হিফজের পাশাপাশি তার সাধারণ শিক্ষার ধারাবাহিকতাও বজায় রাখতে পারে। কুরআন মুখস্থকরণের সঙ্গে শুদ্ধ তিলাওয়াত, নিয়মিত পুনরাবৃত্তি, ইসলামিক আদব-আখলাক এবং বয়সোপযোগী সাধারণ শিক্ষার সমন্বয় থাকবে এই ভবিষ্যৎ পরিকল্পনায়।



VISIT OUR WEBSITE

MURAT NERIMAN

ISLAMIC & SCIENCE ACADEMY

FAITH • KNOWLEDGE • MORALITY

নিরাপদ
শিক্ষাগ্রন
উজ্জ্বল আগামী

Safe
Modern
Meaningful
Education

Kind People
Brighter Society

Good
Environment
Great
Minds



নিরাপদ, আধুনিক ও প্রযুক্তিসমৃদ্ধ শিক্ষাগ্রন

শিশুর সুন্দর শিক্ষাজীবনের জন্য মানসম্মত পাঠদানের পাশাপাশি প্রয়োজন নিরাপদ পরিবেশ, প্রযুক্তির যথাযথ ব্যবহার এবং হাতে-কলমে শেখার সুযোগ। তাই একাডেমিতে শিশুর নিরাপত্তা, প্রযুক্তির সঙ্গে পরিচিতি, বিজ্ঞানমনস্কতা এবং নিরবচ্ছিন্ন শিক্ষার পরিবেশ—সবকিছুকেই গুরুত্ব দেওয়া হবে।



প্রযুক্তি ও বিজ্ঞানের সঙ্গে হাতে-কলমে পরিচয়



কম্পিউটার ল্যাব



শিক্ষা কার্যক্রমের শুরু থেকেই একাডেমিতে কম্পিউটার ল্যাব থাকবে। বয়স ও শ্রেণি অনুযায়ী শিশুরা কম্পিউটারের মৌলিক ব্যবহার শিখবে এবং প্রযুক্তিকে শেখা, তথ্য জানা ও সৃজনশীল কাজের সহায়ক মাধ্যম হিসেবে ব্যবহার করতে অভ্যস্ত হবে।



আনন্দের সঙ্গে বিজ্ঞানকে জানা



বিজ্ঞানকে শুধু বইয়ের বিষয় হিসেবে নয়, চারপাশের পৃথিবীকে জানার একটি আনন্দময় উপায় হিসেবে শিশুদের সামনে তুলে ধরা হবে। বয়সোপযোগী ছোট পরীক্ষা ও হাতে-কলমে কার্যক্রমের মাধ্যমে তারা পর্যবেক্ষণ করবে, প্রশ্ন করবে এবং কারণ বোঝার চেষ্টা করবে—যাতে ছোটবেলা থেকেই বিজ্ঞান ও অনুসন্ধানের প্রতি আগ্রহ তৈরি হয়।



দেখি • করি • প্রশ্ন করি • বুঝে শিখি



নিরাপদ ও সুশৃঙ্খল ক্যাম্পাস



CCTV নিরাপত্তা



শিশুর নিরাপত্তা ও অভিভাবকের নিশ্চিন্ততার জন্য পুরো ক্যাম্পাস সিসিটিভি ক্যামেরার আওতাভুক্ত থাকবে। এর মাধ্যমে ক্যাম্পাসের সার্বিক পরিবেশ নিয়মিত পর্যবেক্ষণ করা সম্ভব হবে।



RFID পরিচয়পত্র



শিক্ষার্থীদের জন্য থাকবে RFID পরিচয়পত্রভিত্তিক ডিজিটাল উপস্থিতি ব্যবস্থা। বিদ্যালয়ে প্রবেশ ও ছুটির সময় কার্ড ব্যবহারের মাধ্যমে উপস্থিতি এবং প্রবেশ-প্রস্থানের তথ্য সুশৃঙ্খলভাবে সংরক্ষিত হবে।



সৌরবিদ্যুতে নিরবচ্ছিন্ন শিক্ষার পরিবেশ



বিদ্যুৎ বিভ্রাট যেন শিক্ষা ও নিরাপত্তা কার্যক্রমে বাধা সৃষ্টি না করে, সে জন্য পুরো ক্যাম্পাসে সৌরবিদ্যুতের মাধ্যমে সার্বক্ষণিক বিদ্যুৎ ব্যবস্থা থাকবে। এর মাধ্যমে কম্পিউটার ল্যাব, মাল্টিমিডিয়া শিক্ষা, এবং প্রয়োজনীয় বৈদ্যুতিক কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে পরিচালনা করা সম্ভব হবে।

নিরবচ্ছিন্ন বিদ্যুৎ • নিরবচ্ছিন্ন শিক্ষা



মাল্টিমিডিয়ার মাধ্যমে শেখা



প্রয়োজন অনুযায়ী ছবি, শিক্ষামূলক উপকরণ ও শিক্ষামূলক ভিডিও ব্যবহার করে বিভিন্ন বিষয়কে শিশুদের কাছে সহজ, আকর্ষণীয় ও বোধগম্যভাবে উপস্থাপন করা হবে। প্রযুক্তি যেন শিক্ষাকে বিকল্প নয়, বরং শেখাকে আরও কার্যকর করার একটি সহায়ক মাধ্যম হয়।



বিদ্যালয় ও পরিবারের অংশীদারত্ব



আমরা বিশ্বাস করি, একটি শিশুর শিক্ষা পরিবার ও বিদ্যালয়ের সম্মিলিত যাত্রা। শিক্ষার্থীর পড়াশোনা, উপস্থিতি, আচরণ ও সার্বিক অগ্রগতি নিয়ে শিক্ষক ও অভিভাবকের নিয়মিত যোগাযোগ এবং প্রয়োজনীয় অভিভাবক সভার ব্যবস্থা থাকবে।



Computer Lab



Science Activities



CCTV



RFID



Solar Power



MURAT NERIMAN

ISLAMIC & SCIENCE ACADEMY

FAITH • KNOWLEDGE • MORALITY

ঈমান ও জ্ঞানের আলোয়
সুন্দর মানুষ হয়ে উঠুক
আগামীর শিশুরা।



ছোট
পদক্ষেপে
বড় স্বপ্ন

Good
Education
Brighter
Tomorrow

২০২৭ শিক্ষাবর্ষে ভর্তি চলছে

আপনার শিশুর শিক্ষাজীবনের শুরু হোক
ঈমান, জ্ঞান ও নৈতিকতার সুন্দর সমন্বয়ে।

মুরাত নেরিমান ইসলামিক এন্ড সায়েন্স একাডেমিতে ২০২৭ শিক্ষাবর্ষে সীমিত আসনে
ভর্তি কার্যক্রম চলছে। শিশুর বয়স, মানসিক বিকাশ ও শেখার সক্ষমতাকে গুরুত্ব দিয়ে
আনন্দময়, নিরাপদ ও শিক্ষাবান্ধব পরিবেশে শিক্ষা কার্যক্রম পরিচালিত হবে।



নিম্নোক্ত শ্রেণিতে ভর্তি চলছে

Play

Nursery

Class 1

Class 2

Class 3



আমাদের বিশেষত্ব

- ✓ কুরআন ও ইসলামিক মূল্যবোধভিত্তিক শিক্ষা
- ✓ আধুনিক ও মানসম্মত সাধারণ পাঠ্যক্রম
- ✓ দক্ষ শিক্ষক মণ্ডলীর মাধ্যমে পাঠদান
- ✓ শিশুবান্ধব ও আনন্দময় শিক্ষার পরিবেশ
- ✓ সহশিক্ষা কার্যক্রম (খেলাধুলা, সাংস্কৃতিক ও সৃজনশীল কার্যক্রম)



কেন মুরাত নেরিমান?



সমন্বিত শিক্ষা

সাধারণ ও ইসলামিক
শিক্ষার সুন্দর সমন্বয়



ইংরেজিতে যোগাযোগ

Listening, Speaking,
Reading, Writing-এর
নিয়মিত চর্চা



প্রযুক্তিনির্ভর শিক্ষা

কম্পিউটার ল্যাব ও
মাল্টিমিডিয়া মাধ্যমে
শেখা



হাতে-কলমে বিজ্ঞান

বয়সোপযোগী পরীক্ষা
ও অনুসন্ধানমূলক
কার্যক্রম



নিরাপদ ক্যাম্পাস

CCTV ও RFID
পরিচালনায় নিরাপদ
প্রবেশ-প্রস্থান ও
উপস্থিতি ব্যবস্থা



নিরবচ্ছিন্ন শিক্ষা পরিবেশ

পরিবেশবান্ধব ও
নিরাপদ বিদ্যুৎ
ব্যবস্থা



অভিভাবকদের প্রতি আমাদের আহ্বান

একটি শিশুর সুন্দর ভবিষ্যতের ভিত্তি তৈরি হয় তার জীবনের একেবারে শুরুতে।
আমরা চাই বিদ্যালয় ও পরিবার একসঙ্গে কাজ করে শিশুর মধ্যে জানার আগ্রহ,
সুন্দর আচরণ, আত্মবিশ্বাস, দায়িত্ববোধ এবং মানবিক মূল্যবোধ গড়ে তুলুক।

শুধু শিক্ষা নয়, একজন ভালো মানুষ গড়ে তোলার অঙ্গীকার।



যোগাযোগ

মুরাত নেরিমান ইসলামিক এন্ড সায়েন্স একাডেমি

📍 বড়খাতা (বড়খাতা কলেজ সংলগ্ন), হাতীবান্ধা, লালমনিরহাট

☎ 01767167847 | 01348196878

🌐 www.muratnerimanacademy.com



Scan to Visit
Our Website

Islamic Values
Modern Education
Brighter Generations

একটি শিশুর সুন্দর ভবিষ্যতের যাত্রা এখান থেকেই শুরু।

FAITH • KNOWLEDGE • MORALITY

ঈমান • জ্ঞান • নৈতিকতা

Better Muslims
Brighter Generations